গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৭৯.২৪. ৯৭৬ তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩ / ৩০ জুলাই ২০২৬

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ মাসুদার রহমান, কারিগরী প্রশিক্ষক (সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, ডিমলা, নীলফামারী উক্ত কার্যালয়ের ক্ষুদ্রঋণের দন্ড সার্ভিসচার্জসহ ৫,৫৭,১৫৫/- (পাঁচ লক্ষ সাতান্ন হাজার একশত পঞ্চান্ন) টাকা এবং পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, ডোমার, নীলফামারীর ক্ষুদ্রঋণের দন্ড সার্ভিসচার্জসহ ৫,৪৬,৭২০/- (পাঁচ লক্ষ ছয়চল্লিশ হাজার সাতশত বিশ) টাকাসহ সর্বমোট ১১,০৩,৮৭৫/- (এগার লক্ষ তিন হাজার আটশত পঁচাত্তর) টাকা আত্মসাৎ করেন। তিনি আত্মসাৎকৃত অর্থের মধ্যে ০৬/০৬/২০২৪ তারিখ পর্যন্ত ১২টি ব্যাংক জমা রশিদ মূলে ৫,৯৪,৫৫০/- (পাঁচ লক্ষ চুরানব্বই হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবসমূহে জমা প্রদান করেন। অবশিষ্ট (১১,০৩,৮৭৫/- - ৫,৯৪,৫৫০/-) = ৫,০৯,৩২৫/- (পাঁচ লক্ষ নয় হাজার তিনশত পঁচিশ) টাকা তার নিকট আত্মসাৎ রয়েছে। এছাড়াও তার বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক কার্যক্রমে জড়িত থেকে অফিসের গোপনীয় তথ্য উপজেলার একটি দালাল চক্র বা সংবাদ কর্মীদের নিকট প্রকাশ করে অফিসে বিশৃঙ্খলার পরিবেশ তৈরির অভিযোগ পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদপ্তর, ঢাকার ০২/০৯/২০২৪ তারিখ ৪১.০১.০০০০.০৪২.০১.০০৫.২১.১৭৪ সংখ্যক ইউ.ও.নোট মূলে পাওয়া যায়;

যেহেতু, উল্লিখিত অভিযোগে সমাজসেবা অধিদপ্তরের ০১/১২/২০২৪ তারিখে ৪১.০১.০০০০.০১৪.২৭.০৭৯.২৪.৩৩৫ সংখ্যক অফিস আদেশ যোগে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। একই অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর দায়ে বিভাগীয় মামলা (মামলা নম্বর ০৪/২০২৫ তারিখ ০৫/০১/২০২৫) রুজু করা হয়;

যেহেতু, জনাব মোঃ মাসুদার রহমান বিভাগীয় মামলার জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের আগ্রহ প্রকাশ করায় বিগত ১৯/০৮/২০২৫ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে তিনি আত্মসাৎকৃত সমুদয় টাকা পরিশোধ করেছেন মর্মে জানান। তিনি সার্ভিস চার্জের অর্থ মওকুফ করার জন্য অনুরোধ করেন। এপ্রেক্ষিতে বিভাগীয় মামলাটি তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার জন্য উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারীকে সমাজসেবা অধিদপ্তরের ২৬/০৮/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০১৪.২৭.০৭৯.২৪.৩৬৪ সংখ্যক স্মারক যোগে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ১৭/১১/২০২৫ তারিখের ৪১.০১.৭৩০০.০০০.২৭.০০১.১৭.৫০৯ সংখ্যক স্মারক মূলে তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন। তদন্তে বর্ণিত কর্মচারী কর্তৃক উপজেলা সমাজসেবা কার্যালয়, ডিমলা, নীলফামারীর ক্ষুদ্রঋণের দন্ড সার্ভিস চার্জসহ ৫,৫৭,১৫৫/- (পাঁচ লক্ষ সাতান্ন হাজার একশত পঞ্চান্ন) টাকা এবং পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, ডোমার, নীলফামারীর ক্ষুদ্রঋণের দন্ড সার্ভিস চার্জসহ ৫,৪৬,৭২০/- (পাঁচ লক্ষ ছেচল্লিশ হাজার সাতশত বিশ) টাকাসহ সর্বমোট ১১,০৩,৮৭৫/- (এগার লক্ষ তিন হাজার আটশত পঁচাত্তর) টাকা আত্মসাৎ করা হয়। তিনি বিগত ১৯/০১/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত মোট ১৫টি ব্যাংক জমা রশিদমূলে ৭,৮৫,০৫০/- (সাত লক্ষ পঁচাশি হাজার পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবসমূহে জমা প্রদান করেন। তার নিকট অবশিষ্ট (১১,০৩,৮৭৫-৭,৮৫,০৫০) = ৩,১৮,৮২৫/- (তিন লক্ষ আঠার হাজার আটশত পঁচিশ) টাকা আত্মসাৎ রয়েছে মর্মে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, জনাব মোঃ মাসুদার রহমান এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত বিধিমালার ৪(৩) (ঘ) বিধি মোতাবেক চাকুরী হতে 'বরখাস্ত' করার লক্ষ্যে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। এমতাবস্থায়, কেন তাকে চাকুরী হতে 'বরখাস্ত' বা বিধিতে বর্ণিত অন্য কোন গুরুদন্ড আরোপ করা হবে না তার জবাব সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) ধারা মোতাবেক পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করার জন্য সমাজসেবা অধিদপ্তরের ১৭/০৫/২০২৬ তারিখ ৪১.০১.০০০০.০১৪.২৭.০৭৯.২৪.৮৯ সংখ্যক স্মারক যোগে অনুরোধ করা হয়।

যেহেতু, জনাব মোঃ মাসুদার রহমান ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। জবাবে তিনি আত্মসাৎকৃত অর্থ এবং আত্মসাৎকৃত অর্থের দন্ড সার্ভিস চার্জের অবশিষ্ট ৩,১৮,৮২৫/- (তিন লক্ষ আঠার হাজার আটশত পঁচিশ) টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা প্রদান করে ব্যাংক জমা রশিদের সত্যায়িত কপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করেন। তার নিকট আর কোন অর্থ পাওনা নাই;

সেহেতু, জনাব মোঃ মাসুদার রহমান, কারিগরী প্রশিক্ষক (সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, ডিমলা, নীলফামারী এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, বিভাগীয় মামলার জবাব, শুনানিকালে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব, আত্মসাৎকৃত অর্থ ও দন্ড সার্ভিস চার্জ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা প্রদানের তথ্য এবং সার্বিক বিষয় পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(খ) মোতাবেক বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত রাখার দন্ড প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতনভাতাদি প্রাপ্ত হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩০/০৭/২৬

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৭৯.২৪. ৯৭৬ (১৪)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩ / ৩০ জুলাই ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর।
৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারী।
৫. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, ডিমলা/ডোমার, নীলফামারী।
৯. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, ডিমলা, নীলফামারী।
১০. জনাব মোঃ মাসুদার রহমান, কারিগরী প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, ডিমলা, নীলফামারী।

৩০/০৭/২৬

(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৫৫০০৭৩৭০